সংবাদ
তারিখ 08 JUN 2008
পৃষ্ঠা ১০ কলাম ৫

# প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে পাইলট প্রকল্প

নিজস্ব বার্তা পরিবেশক

প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে সরকারের সঙ্গে ব্র্যাক পাইলট প্রকল্প হাতে নিয়েছে। দেশের ৯টি জেলার ২০টি উপজেলায় সরকারি ও রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক শিক্ষার গুণগতমান উন্নয়নের লক্ষ্যে সরকার ও ব্র্যাকের যৌথ উদ্যোগে এই কর্মসূচি পালিত হবে। তবে এসব বিদ্যালয়ের নিয়ন্ত্রণ সরকার ব্র্যাকের ওপর অর্পণ করেনি।

মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করণের লক্ষ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের উপস্থিতির নিম্ন হারের উন্নতি সাধন, শিক্ষার্থীদের ঝরে পড়ার হার সীমিতকরণ, প্রাথমিক শিক্ষা সমাপনের হার ৮০ শতাংশের ঊর্ধ্বে উন্নীত এবং সর্বোপরি শিক্ষার্থীদের মানোন্নয়নের লক্ষ্যে এই পাইলট কর্মসূচি হাতে নেয়া হয়েছে। এই প্রকল্পের আওতায় শিক্ষকদের পেশাগত প্রশিক্ষণ, অভিভাবক সভা অনুষ্ঠান, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটিকে সক্রিয় করা, বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নেতৃত্বে সব শিক্ষককে নিয়ে পাক্ষিক পর্যালোচনা সভার আয়োজন ইত্যাদি কর্মকাণ্ড পরিচালিত হবে। পাইলট কর্মসূচির আওতাধীন স্কুলগুলোর শিক্ষকদের ওতপ্রোতভাবে সম্পৃক্ত করেই যাবতীয় কর্মকাণ্ড পরিচালিত হবে।

বিগত তিন বছরে ব্র্যাক শেরপুর জেলার ৬টি উপজেলায় সরকারি ও রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে সফলভাবে ওই কর্মকাণ্ড পরিচালনা করেছে। এরই ধারাবাহিকতায় দেশের ২০টি উপজেলায় বর্তমান পাইলট প্রকল্প হাতে নিয়েছে। ব্র্যাক মনে করে, পাইলট কর্মসূচি থেকে যে অভিজ্ঞতা ও দক্ষতা অর্জিত হবে তা বাংলাদেশের সামগ্রিক প্রাথমিক শিক্ষাব্যবস্থার মানোন্নয়নে বিশেষভাবে সহায়ক হবে।